

ছেলে হোক মেয়ে হোক
দুটি সন্তানই যথেষ্ট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
পরিকল্পনা ইউনিট
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.dgfp.gov.bd

নং-৫৯.১১.০০০০.৫০০.০৫.৫০০.২০১৩-৬০৯

তারিখ : ২৭ আশ্বিন ১৪৩০
১২ অক্টোবর ২০২০

বিষয় : পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের Job Description হালনাগাদকরণের লক্ষ্যে আর্থিক ও কারিগরী সহায়তা প্রাপ্তি সংক্রান্ত।


সূত্র : মে, ২০২০ তারিখের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) সভায় গৃহীত সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) সভায় ২০০৮ সালে প্রণীত পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীদের Job Description (কার্যপরিধি) হালনাগাদকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ২৩২ ক্যাটাগরীতে ৫৪০০০ কর্মকর্তা/কর্মচারী কর্মরত। Job Description—এ প্রত্যেকের দায়িত্ব ও কর্তব্য সুস্পষ্টভাবে উল্লেখ আছে। বর্তমানে কাযপদ্ধতি ও দায়িত্বের অনেক পরিবর্তন/পরিবর্ধন হওয়ায় Job Description যুগোপযোগী ও হালনাগাদ করা আবশ্যিক। সে অনুযায়ী Job Description হালনাগাদকরণের নিমিত্ত ১৩ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। গঠিত কমিটির অনুষ্ঠিত সভায় Job Description হালনাগাদকরণের জন্য অধিদপ্তর ও বিশেষায়িত ৩টি সেবা প্রতিষ্ঠানের মধ্যে দায়িত্ব বন্টন করা হয়।

২। মন্ত্রণালয় কর্তৃক বিদ্যমান পদসমূহের Job Description সংযোজন ও বিয়োজনের মাধ্যমে হালনাগাদ ও যুগোপযোগী করে প্রস্তাব প্রেরণের অনুরোধ করা হয়। সে প্রেক্ষিতে অধিদপ্তরের বিভিন্ন ইউনিট, বিভাগ, জেলা এবং বিশেষায়িত সেবা প্রতিষ্ঠানের নিকট হতে Job Description হালনাগাদকরণের প্রস্তাবনা আহবান করা হয়েছে। প্রস্তাবনাসমূহ যাচাই-বাছাই ও বিচার বিশ্লেষণপূর্বক Job Description হালনাগাদকরণের খসড়া প্রস্তাবনা তৈরীর লক্ষ্যে ১১ সদস্য বিশিষ্ট ৩টি ওয়ার্কিং কমিটি গঠন করা হয়। ওয়ার্কিং কমিটিসমূহের কার্যক্রম চলমান।

৩। এমতাবস্থায়, ওয়ার্কিং কমিটি কর্তৃক Job Description হালনাগাদকরণের নিমিত্ত সভা আয়োজন, রেকর্ড নোটস প্রস্তুতকরণ, প্রিন্টিং, বাউন্ডিংস ও কমিটির সদস্যদের আপ্যায়নসহ আনুষঙ্গিক ব্যয় নির্বাহের জন্য পাথফাইন্ডার ইন্টারন্যাশনাল, বাংলাদেশ কর্তৃক আর্থিক ও কারিগরী সহায়তার জন্য পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে বিশেষভাবে অনুরোধ করা হল।

কান্ট্রি ডাইরেক্টর
পাথফাইন্ডার ইন্টারন্যাশনাল, বাংলাদেশ
শেহজাদ প্যালেস (৬ষ্ঠ তলা)
১০৯, গুলশান এভিনিউ, ঢাকা।


১২.১০.২০
(মো: মতিউর রহমান)
পরিচালক (পরিকল্পনা) ও
লাইন ডাইরেক্টর (পিএমই) এবং
সদস্য সচিব
Job Description হালনাগাদকরণসংক্রান্ত কমিটি।

অনুলিপি : অবগতির জন্য

- ০১। পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর ও সভাপতি Job Description হালনাগাদকরণ সংক্রান্ত কমিটি।
- ০২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
- ০৩। পরিচালক (পরিকল্পনা) এর ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
- ০৪। সংশ্লিষ্ট নথি।